**ISO 9001:2015 Certified**

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

**"সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের পুনঃদরপত্র (RFQ) বিজ্ঞপ্তি"**

## প্রশাসন বিভাগ


সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

ওয়েব সাইট- pbs1.sirajganj.gov.bd, ই-মেইল-sirajpbs@yahoo.com

মোবাইল নং ০১৭৬৯-৪০০০৭৪


ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

| | | |
|---|---|---|
| ISO 9001:2015 Certified | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ। | E-mail : sirajpbs@yahoo.com<br>Web: pbs1.sirajganj.gov.bd,<br>মোবাইল নং-০১৭৬৯৪০০০৭৪ |


স্মারক নং- ২৭.১২.৮৮৯৪.৫০৯.০১.০৩৮.২৫.৫২৯ তারিখঃ ০৯ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুন, ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের পুনঃদরপত্র (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

১. সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় "কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মহরকৃত খামে দরপত্র পদ্ধতিতে (RFQ) পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল দরপত্রদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসংগে সংযুক্ত 'দরপত্র দলিল' ব্যবহার করে দরপত্র প্রস্তুত এবং দাখিল করতে হবে। দরপত্র দলিল সমিতির ওয়েব সাইট pbs1.sirajganj.gov.bd হতে ডাউনলোড করে দরপত্রের সকল শর্তাদি পুরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত দরপত্র ব্যতীত অন্য কোন দরপত্র বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে সিরাজগঞ্জ পবিস-১ হতে দরপত্র দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | RFQ জমা দেয়ার স্থান | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ। |
| ০৩। | RFQ খোলার তারিখ, সময় ও স্থান | ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:৩৫ ঘটিকায় সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ। |

৫. দরপত্র দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। দরপত্র দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

৬. দরপত্র দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, দরপত্র জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৭. দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল দরপত্র বৈধ থাকবে।

৮. দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

৯. মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১০. **দরদাতাকে অবশ্যই কম্পিউটার এক্সেসরিজ কম্পিউটার ব্যবসায় রিসেলার/ডিলার/আমদানীকারক হিসেবে সনদ থাকতে হবে। অন্যথায় নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে। অরিজিনাল মালামাল (কম্পিউটার এক্সেসরিজ) কঠোরভাবে যাচাই করা হবে এবং কোনভাবে অরিজিনাল মালামাল (কম্পিউটার এক্সেসরিজ) ব্যতিত অন্য কোন মালামাল সরবরাহ করলে প্রতিষ্ঠানকে নন-রেসপনসিভ এবং কালো তালিকাভুক্ত করা হবে।**

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। দরপত্র দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. মূল্যায়ন কমিটি দরপত্রের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্র নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণযোগ্য দরপত্রের প্রয়োজন হবে।

১৩. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকবে।

১৪. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৫. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬. দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

(আবু আশরাফ মোঃ ছালেহ্)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
০৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, সিরাজগঞ্জ।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, সিরাজগঞ্জ।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার....................... উপজেলা, সিরাজগঞ্জ।
০৯। মেয়র, ............................পৌরসভা, সিরাজগঞ্জ।
১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), সিরাজগঞ্জ পবিস-১।
১১। এজিএম (আইটি),সিরাজগঞ্জ পবিস-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১২। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(আবু আশরাফ মোঃ ছালেহ্)
সিনিয়র জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর:-২৭.১২.৮৮৯৪.৫০৯.০১.০৩৮.২৫.৫২৯ তারিখ: ২৩/০৬/২০২৫ খ্রি.।

প্রতি

সিনিয়র জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের পুনঃঅনুরোধ জ্ঞাপনপত্রে (RFQ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপন (RFQ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৩/০৬/২০২৫ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপন (RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক নম্বরঃ ২৭.১২.৮৮৯৪.৫০৯.০১.০৩৮.২৫.৫২৯ তারিখঃ ২৩/০৬/২০২৫ খ্রি.

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | PRI-2 | Laser Printer (Medium Duty Type-1) [সংযুক্তি মোতাবেক]। | টি | ০৫ | | | | সিরাজগঞ্জ পবিস-১ |
| ০২ | SCAN-1 | Scanner Type-01 [সংযুক্তি মোতাবেক]। | টি | ০১ | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২ নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ------------------------------------------ |
| প্রস্তাবিত সরবরাহ | ০৭ (সাত) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | প্রযোজ্য নয় । |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে** ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।** আমার/আমাদের প্রস্তাব ----/-----/-------খ্রি. তারিখ পর্যন্ত বৈধ থাকবে ।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার নাম ও স্বাক্ষর | তারিখ: ------------------- |

**টীকা:**

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | PRI-2 | Laser Printer (Medium Duty Type-1) | সংযুক্তি মোতাবেক | | |
| ০২ | SCA N-1 | Scanner Type-01 | সংযুক্তি মোতাবেক | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| কারিগরী শর্তাবলীঃ |
|---|
| ক) অফারকৃত আইটেমের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটোর হেড প্যাডে দাখিল করতে হবে। |
| খ) অফারকৃত স্পেসিফিকেশন স্বপক্ষে Component এর মূল Printed Catalog/Broucher অবশ্যাই দাখিল করতে হবে। |
| গ) সমিতির প্রদত্ত Specification অনুযায়ী স্থানীয় বাজারে না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে আপার মডেল প্রদান করা যাবে, তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরনীসহ) থাকিতে হইবে। |
| ঘ) দরপত্রের সহিত কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সন্তোষজনকভাবে কম্পিউটার/কম্পিউটার এক্সেসরিজ সরবরাহ, স্থাপন ও কনফিগারেশন কাজের অভিজ্ঞতা সনদপত্র অবশ্যই দাখিল করিতে হইবে (সনদপত্রের সঠিকতা যাচাইয়ে বর্ণিত কাজের কার্যাদেশ ও কার্য্য সম্পাদনের সনদপত্র থাকা বাঞ্ছনীয়)। কার্যাদেশ প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের প্রদত্ত দলিলাদি পবিসের প্রতিনিধি সরেজমিনে যাচাই করতে পারবেন। |
| ঙ) দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের কমপক্ষে ৫০% মূল্যের কম্পিউটার এক্সেসরিজ মালামাল সরবরাহের সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| চ) Dealer/Distributor/re-Seller/ন্যূনতম GID হিসেবে কম্পিউটার ব্যবসায় সনদ থাকিতে হইবে। |

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: ------------------ |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) **ক্রয়কারী** পূরণ করবে। **ক্রয়কারীর** প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক **দর প্রদানের** জন্য একসেট **সঠিক** এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের **জন্য** পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার **লক্ষ্যে প্রস্তুত করতে হবে** এবং একইসঙ্গে **ক্রয়তব্য** পণ্য ও **সংশ্লিষ্ট** সেবার **কারিগরি দক্ষতা, দ্রব্যাদি** এবং কার্য-**সম্পাদনের মান সুস্পষ্ট**ভাবে **বর্ননা** করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত **আইটেম , দ্রব্যাদি** এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং **সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি** মডেলের **হবে। তার** নকশা এবং **দ্রব্যাদিতে** সব সাম্প্রতিক **উৎকর্ষ** সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) পণ্যের বিবরন/গুণগতমান (Quality) সংযুক্ত করবে।

**PUBLICATION 1205-2016**
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD (BREB)**
**PEOPLES REPUBLIC OF BANGLADESH**
**STANDARD FOR**

# Printer

**BREB ITEM No: PRI-1**
**Item Description: Dot Matrix Printer Type-01**

| Items | BREB Requirements | Bidder's Response |
|---|---|---|
| Brand | Internationally Reputed Brand | |
| Model | To be Mentioned by bidder | |
| Country of Origin | To be Mentioned by bidder | |
| Printing Method | 24-pin, Impact dot matrix | |
| Printing Direction | Bidirectional with logic seeking | |
| Printing Speed | High Speed Draft –Minimum 480 cps (10 cpi), Draft – 360 cps (10 CPI) | |
| Copy Capacity | Minimum Original + 05 copies | |
| Interface | Standard Bidirectional Parallel Interface, USB 2.0 | |
| Paper Handling | Minimum. Continuous size- 101.6 – 406.4 mm (4.0"- 16.0") | |
| Paper Thickness | 0.0025"-0.0055" (for cut sheet) to 0.0087" (max for card) | |
| Memory | Minimum 128KB or Higher. | |
| Reliability/Life Expect. | MTBF- 20,000 power-on-hrs & Print head life- 400 million strokes/wire. | |
| Power Supply | 220 +/-5%, 50 Hz VAC | |
| Warranty | Min. 01 Year. | |

**BREB ITEM No: PRI-2**
**Item Description: Laser Printer (Medium Duty-Type-1)**

| Items | BREB Requirements | Bidder's Response |
|---|---|---|
| Brand | Internationally Reputed Brand | |
| Model | To be Mentioned by bidder | |
| Country of Origin | To be Mentioned by bidder | |
| Processor Speed | Min. 1200 MHz | |
| Resolution | 1200 X 1200 DPI | |
| Printing Speed | Min. 40 ppm for Letter | |
| Memory | Min. 256 MB or Higher | |

সংযুক্তি-2



**PUBLICATION 1206-2016**
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD (BREB)**
**PEOPLES REPUBLIC OF BANGLADESH**
**STANDARD FOR**

# SCANNER

**BREB ITEM No: SCAN-1**
**Item Description: Scanner Type-01**

| Items | BREB Requirements | Bidder's Response |
|---|---|---|
| Brand | Internationally Reputed Brand | |
| Model | To be Mentioned by bidder | |
| Country of origin | To be Mentioned by bidder | |
| Scanner type | Flatbed | |
| Scan Resolution, hardware | Minimum 4800x4800 dpi | |
| scanning bit depth | 48 bit | |
| scanning facilities | Color photo, OCR, PDF | |
| Scanner Modes | Color, grayscale and Black & White | |
| Interface | USB 2.0 | |
| Max. scan size | A4, LTR [216x297mm] | |
| Compatible O/S | Windows 10, Windows 7 or Higher | |
| Warranty | Minimum 01 year | |

**BREB ITEM No: SCAN-2**
**Item Description: Scanner Type-02**

| Items | BREB Requirements | Bidder's Response |
|---|---|---|
| Brand | Internationally reputed Brand to be mentioned by the Tenderer | |
| Model | To be mentioned by the Tenderer | |
| Country of Origin | To be mentioned by the Tenderer | |
| Scan technology | CMOS CIS (Contact Image Sensor) | |
| Scan type | Flatbed, ADF; Color scanning: Yes | |
| Scan speed ADF | Minimum Up to 20 ppm | |
| Scan resolution | Minimum 600 x 600 dpi (colour and mono, ADF); Up to 1200 x 1200 dpi (colour and mono, flatbed); | |
| Light source (scanning) | Light Emitting Diode (LED) | |
| Duplex ADF scanning | Standard Built-in | |
| Scan size | ADF: 8.5 x 122 in; Flatbed: 8.5 x 11.7 in | |
| Media types | Paper (banner, inkjet, photo, plain), envelopes, labels, cards (greeting, index) | |
| Scan file format | PDF, JPEG, PNG, BMP, TIFF, TXT (Text), RTF (Rich Text) and searchable PDF | |
| ADF Capacity | Minimum 50 pages | |
| Media size (ADF) | Letter; Legal; Executive; A4; A5; A6; B5; B5 (JIS) | |
| connectivity | Minimum 1 USB Hi-Speed | |

| Items | BREB Requirements | Bidder's Response |
|---|---|---|
| Network Print | Yes | |
| Duplex Print | Yes (Automatic) | |
| Control Panel | 2 Line Backlit LCD Graphic display | |
| Fuser Unit | Instant on fuser technology with ceramic heating elements. | |
| Printing Pages/Month | Min. 75,000 Pages/Per Month | |
| Interface | 1 Hi Speed USB 2.0 Port; 1 Ethernet port 10/100/1000 Gigabit network | |
| Combability | PCL6, PS 3 & PPDS | |
| Paper Size | A4 & Legal | |
| Paper Drawer | Up to 250 Sheet | |
| Warranty | Min. 01 Year. | |

**BREB ITEM No: PRI-3**
**Item Description: Laser Printer (Medium Duty-Type-2)**

| Items | BREB Requirements | Bidder's Response |
|---|---|---|
| Brand | Internationally Reputed Brand | |
| Model | To be Mentioned by bidder | |
| Country of origin | To be Mentioned by bidder | |
| Processor Speed | Min.800 MHz | |
| Resolution | Minimum 1200 X 1200 DPI | |
| Printing Speed | Min. 30 ppm for Letter | |
| Memory | Min. 256 MB | |
| Duplex Print | Yes | |
| Duty Cycle | Min. 30,000 Pages/Per Month | |
| Printer Function | Multi Function (Print, Scan, Copy) | |
| Interface | Hi Speed USB 2.0 Port, Lan | |
| Paper Size | A4 & Legal | |
| Paper Drawer | Up to 250 Sheet, 50 sheet multipurpose tray | |
| Warranty | Min. 01 Year. | |


Publication: 1205-2016; Revision:2; Date: April,2024

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
প্রধান কার্যালয়
উল্লাপাড়া আর/এস
সিরাজগঞ্জ।
উল্লাপাড়া,সিরাজগঞ্জ

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ

## বিষয়ঃ " কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের জন্য কার্যাদেশ ।

ক্রয় আদেশ ------------------------------------------------------------------------- তারিখ----------------------খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: | তারিখ : --------- |
| প্রতি:<br>--------------------------- | |
| সরবরাহের তারিখ: ---------------------- | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা --------------------- |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে "কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের নিমিত্তে ---------------------টাকার কথায়------------ কার্যাদেশ প্রদান করা হল । উল্লিখিত "কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>আবু আশরাফ মোঃ ছালেহ<br>সিনিয়র জেনারেল ম্যানেজার |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে মালামাল সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------------- কথায়----------------- ----------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রেতার জন্য | সরবরাহকারীর জন্য |
|---|---|
| আবু আশরাফ মোঃ ছালেহ্<br>সিনিয়র জেনারেল ম্যানেজার | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |